

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, জুলাই ৫, ২০১৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-২ শাখা
প্রজ্ঞাপন

তারিখ : ২২ জুন ২০১৫ খ্রিস্টাব্দ

নং পৌর-২/৪৬.০৬৪.০৩২.৩০.০৪.০৫.১১/১০৫২—যেহেতু আপনি জনাব মোঃ আকতারুল ইসলাম, কলারোয়া পৌরসভায় মেয়র পদে নির্বাচিত হয়ে দায়িত্ব পালন করছেন ;

এবং যেহেতু, যুক্তিসঙ্গত কারণ ব্যতীত পরিষদের পর পর ৪ (চার) টি সভায় অনুপস্থিত ছিলেন ;

এবং যেহেতু, বিষয়টি পৌরসভার স্বার্থ পরিপন্থি/প্রশাসনিক দৃষ্টিকোন হতে সমীচীন নয় মর্মে যথাযথ কর্তৃপক্ষের নিকট প্রতীয়মান হয়েছে ;

এবং যেহেতু, যুক্তিসঙ্গত কারণ ব্যতীত পরিষদের পর পর তিনটি সভায় অনুপস্থিত থাকার বিষয়টি পৌরসভার স্বার্থ পরিপন্থি/প্রশাসনিক দৃষ্টিকোন হতে সমীচীন না হওয়ায় স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ৩১(১) ধারা মোতাবেক পৌরসভার নিজ পদ হতে সাময়িকভাবে বরখাস্ত যোগ্য ;

এবং যেহেতু, এরূপ অভিযোগের কারণে স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৩১(১) বিধান মতে পৌরসভার মেয়র-কে নিজ পদ হতে সাময়িকভাবে বরখাস্তের বিধান রয়েছে ;

এবং যেহেতু, সরকার জনাব মোঃ আকতারুল ইসলাম, মেয়র, কলারোয়া পৌরসভা, সাতক্ষীরা-কে সাময়িকভাবে বরখাস্তের সিদ্ধান্ত গ্রহণ করেছে ;

(৫৫১৯)

মূল্য : টাকা ৪০০

সেহেতু, স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ধারা ৩১(১) বিধান মোতাবেক সাতক্ষীরা জেলার কলারোয়া পৌরসভার মেয়র জনাব মোঃ আকতারুল ইসলাম-কে কলারোয়া পৌরসভার মেয়র পদ হতে সাময়িকভাবে বরখাস্ত করা হ'ল।

এ আদেশ জনস্বার্থে জারি করা হ'ল এবং অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

এ, কে, এম আনিছুল্জামান
সহকারী সচিব।